

# ২৮ থেকে ৩০ নভেম্বরের মধ্যে এসএসসির ফল

নিজস্ব প্রতিবেদক

১৭ নভেম্বর ২০২২ ০১:২৩

পিএম | আপডেট: ১৭

নভেম্বর ২০২২ ০৩:৪৩

পিএম

11

Shares



এসএসসি পরীক্ষা। পুরোনো ছবি

advertisement

এসএসসি ও সমমান পরীক্ষার ফল আগামী ২৮ থেকে ৩০ নভেম্বরের যেকোনো একদিন প্রকাশ হতে পারে। ঢাকা মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ডের চেয়ারম্যান এবং আন্তর্বিদ্যালয় সমন্বয় সাব-কমিটির সভাপতি তপন কুমার সরকার আজ বৃহস্পতিবার এ তথ্য জানিয়েছেন।

তিনি জানান, শিক্ষা বোর্ডগুলোর পক্ষ থেকে এই তিনি দিনের মধ্যে যেকোনো একদিন ফল প্রকাশের জন্য প্রস্তাব পাঠানো হয়েছে। তিনি দিনের মধ্যে এখন প্রধানমন্ত্রী শেখ হাসিনা যেদিন সময় দিতে পারবেন, সেদিন ফল প্রকাশ করা হবে।

advertisement

সাধারণত পরীক্ষা শেষ হওয়ার ৬০ দিনের মধ্যে ফল প্রকাশ করা হয়। এর আগে গত ১৫ সেপ্টেম্বর সারা দেশে এসএসসি ও সমমানের পরীক্ষা শুরু হয়। করোনাভাইরাস সংক্রমণ, পরবর্তী সময়ে সিলেটসহ দেশের কিছু এলাকায় বন্যার কারণে দুই দফায় পেছানো হয় এ পরীক্ষা।

advertisement 4

এ বছর ৯টি সাধারণ শিক্ষা বোর্ড, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা বোর্ড মিলিয়ে এসএসসি ও সমমানের পরীক্ষায় মোট পরীক্ষার্থী ২০ লাখের বেশি। ৩ হাজার ৭৯০টি কেন্দ্রে পরীক্ষা অনুষ্ঠিত হয়। মোট পরীক্ষার্থীর মধ্যে শুধু সাধারণ শিক্ষা বোর্ডগুলোর অধীনে এসএসসি পরীক্ষার্থী প্রায় ১৬ লাখ।